অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/23/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে প্রেসিডেন্ট ট্রাম্পের নিউ ইয়র্ক সিটিতে ফেডারেল এজেন্ট পাঠানোর কোন পরিকল্পনা নেই

ঘোষণা করেন যে স্টেট COVID-19 এর জন্য 55 বছরের বেশী বয়সী কারাবন্দী ব্যক্তিদের পরীক্ষা করেছে; 1.9 শতাংশ পরীক্ষায় রোগটি শনাক্ত হয়েছে

নিরাপত্তা মান মেনে না চলা প্রতিষ্ঠানগুলি তদন্ত এবং বন্ধ করতে স্টেট পুলিশ এবং স্টেট লিকার কর্তৃপক্ষ টাস্ক ফোর্সের নেতৃত্ব দেবে বলে ঘোষণা করেন

স্টেট ও স্থানীয় সরকারের জন্য কেন্দ্রীয় তহবিলের আহ্বানের পুনরাবৃত্তি করেন

তরুণদের উদ্দেশ্যে নতুন বিজ্ঞাপন প্রচারণা শুরু

হাসপাতালে ভর্তি কমে হয়েছে 706-18 মার্চ থেকে নতুন নিম্ন

গতকালের COVID-19 টেস্টের মাত্র 1.16 শতাংশ আক্রান্ত ছিল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে প্রেসিডেন্ট ট্রাম্প তাকে বলেছেন যে ফেডারেল এজেন্টদের বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে পাঠানো হবে না। প্রেসিডেন্ট বলেছেন যে তিনি কোন সিদ্ধান্ত নেওয়ার আগে গভর্নরের সাথে এজেন্ট নিয়োগ বিষয়ে আলোচনা করবেন। নিউ ইয়র্ক স্টেট নীতির যে কোন পরিবর্তনের জন্য ফেডারেল সরকারের উপর কড়া নজর রাখবে।

গভর্নর কুওমো 55 বছর বা তার বেশী বয়স্ক ব্যক্তিদের পরীক্ষা করার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সুপারভিশনের মধ্যে একটি সম্প্রসারিত টেস্টিং উদ্যোগের ফলাফল ঘোষণা করেছেন। প্রায় 4,000 জন ব্যক্তির মধ্যে, 77 জনের রোগটি শনাক্ত হয়েছে, সংক্রমণের হার 1.9 শতাংশ।

গভর্নর স্টেট জুড়ে রেস্টুরেন্ট এবং পানশালায় সামাজিক দূরত্ব লঙ্ঘন দমন করতে একটি মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স গঠনের ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্টেট লিকার অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি এই প্রচেষ্টার নেতৃত্ব দেবেন, যা বিপজ্জনক সামাজিক দূরত্ব লঙ্ঘন

হওয়ার সাথে সাথেই দ্রুত তদন্তকারীদের নিয়োগ করে নিয়মানুবর্তিতা প্রচেষ্টা বাড়ানো এবং পরিস্থিতি মোকাবেলার জন্য রিয়েল টাইম ডেটা ব্যবহার করবে। টাস্ক ফোর্সে স্বাস্থ্য দপ্তর, আর্থিক পরিষেবা দপ্তর, মোটর যানবাহন দপ্তর, কর ও অর্থ দপ্তর, নিউ ইয়র্ক স্টেট ইন্স্যুরেন্স ফান্ড এবং কৃষি ও বাজার দপ্তরের তদন্তকারীদের অন্তর্ভুক্ত করা হবে।

গভর্নর এছাড়াও স্টেট এবং স্থানীয় সরকারের জন্য তহবিল প্রদানের জন্য ফেডারেল সরকারের প্রতি তার আহ্বান পুনরাবৃত্তি করেন।

গভর্নর কুওমো তরুণদের উদ্দেশ্যে একটি নতুন বিজ্ঞাপন প্রচারণাও শুরু করেছেন। 21 থেকে 30 বছর বয়সীদের মধ্যে সাপ্তাহিক গড় COVID-19 হার 9.9 শতাংশ থেকে 13.2 শতাংশে বৃদ্ধি পেয়েছে।

গভর্নর চলমান COVID-19 মহামারী চলাকালীন সময়ে স্টেটের অগ্রগতি সম্পর্কে নিউ ইয়র্কবাসীকেও আপডেট করেছিলেন। নতুন কেসের সংখ্যা, পরীক্ষার শতাংশ যারা আক্রান্ত ছিল এবং অন্যান্য অনেক সহায়ক ডাটা পয়েন্ট সবসময় forward.ny.gov-এপাওয়া যাবে।

"প্রেসিডেন্ট পরামর্শ দিয়েছেন যে তিনি ফেডারেল এজেন্টদের নিউ ইয়র্ক সিটিতে পাঠাবেন। আমি এই বিষয়ে প্রেসিডেন্টের সাথে কথা বলেছি, এবং আমি বিশ্বাস করি না যে নিউ ইয়র্ক সিটিতে ফেডারেল সৈন্য বা ফেডারেল এজেন্ট পাঠানোর কোন যৌক্তিকতা আছে, এবং তা আমি তাকে জানিয়েছি," **গভর্নর কুওমো বলেন।** "এমন কোন ফেডারেল সম্পত্তি নেই যা বিপদের সম্মুখীন হয়েছে যা ফেডারেল সরকারের এজেন্ট পাঠানোর যৌক্তিকতা প্রমাণ করতে পারে। সাংবিধানিক আইন এই বিষয়ে পরিষ্কার। জাতির তাদের বিবেচনায় মোতায়েন করার জন্য কোন ফেডারেল পুলিশ বাহিনী নেই। পুলিশ ব্যবস্থা স্টেটের অধীন। প্রেসিডেন্ট এবং আমি খুব ভালো আলোচনা করেছি। তিনি বলেছেন যে তিনি নিউ ইয়র্ক সিটিতে সৈন্য পাঠাবেন না। তিনি পাঠাবেন না সেই সম্পর্কে নিশ্চয়তা দেননি, কিন্তু তিনি বলেছেন যে তিনি কিছু করার আগে আমরা কথা বলব।"

আজকের তথ্য সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:

- **হাসপাতালে রোগী ভর্তি** - 706 (-8)
- **রোগী সদ্য ভর্তি** - 71 (-10)
- **হসপিটাল কাউন্টি** - 31
- **ICU এর সংখ্যা** - 160 (-19)
- **ইন্টুবেশন সহ ICU এর সংখ্যা** - 93 (-3)
- **মোট** ছাড়া পেয়েছেন - 72,466 (+80)
- **মৃত্যু** - 13
- **মোট মৃত্যু** - 25,081

গতকাল নিউ ইয়র্ক স্টেটে অনুষ্ঠিত 69,698 জনের পরীক্ষার মধ্যে 811 জন বা 1.16 শতাংশ আক্রান্ত রোগী ছিল। গত তিন দিনে প্রতিটি অঞ্চলের পরীক্ষায় আক্রান্তের শতাংশ নিম্নরূপ:

অঞ্চল	সোমবার	মঙ্গলবার	বুধবার
Capital Region	1.4%	1.3%	1.6%
Central New York	1.0%	0.7%	0.8%
Finger Lakes	0.9%	1.2%	0.6%
Long Island	1.4%	1.0%	1.4%
Mid-Hudson	1.1%	0.9%	0.9%
Mohawk Valley	1.6%	0.9%	0.8%
New York City	1.4%	1.2%	1.3%
North Country	0.6%	0.5%	0.6%
Southern Tier	1.3%	0.6%	0.6%
Western New York	1.6%	0.9%	1.5%

এছাড়াও গভর্নর আরও 811 জন নতুন নভেল করোনাভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা নিশ্চিত করেছেন, যার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে স্টেটজুড়ে আক্রান্ত রোগীর সর্বমোট সংখ্যা হলো 409,697 জন। মোট 409,697 জন ব্যক্তি যারা ভাইরাসের পরীক্ষায় পজিটিভ শনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট আক্রান্ত	নতুন আক্রান্ত
Albany	2,401	32
Allegany	72	0
Broome	934	4
Cattaraugus	148	1
Cayuga	135	1
Chautauqua	212	2
Chemung	157	1
Chenango	194	3
Clinton	114	0
Columbia	497	0
Cortland	80	3
Delaware	95	2
Dutchess	4,400	13
Erie	8,187	52

Essex	54	0
Franklin	42	0
Fulton	268	1
Genesee	260	2
Greene	273	1
Hamilton	6	0
Herkimer	213	2
Jefferson	120	7
Lewis	34	1
Livingston	161	0
Madison	388	0
Monroe	4,511	19
Montgomery	145	1
Nassau	42,816	51
Niagara	1,405	10
NYC	222,832	388
Oneida	1,980	5
Onondaga	3,344	18
Ontario	334	1
Orange	10,968	8
Orleans	288	0
Oswego	234	2
Otsego	102	1
Putnam	1,397	3
Rensselaer	669	1
Rockland	13,820	8
Saratoga	663	13
Schenectady	946	10
Schoharie	66	2
Schuyler	20	0
Seneca	80	0
St. Lawrence	253	3
Steuben	284	1
Suffolk	42,715	94

Sullivan	1,475	2
Tioga	175	0
Tompkins	213	4
Ulster	1,911	2
Warren	290	2
Washington	252	1
Wayne	238	2
Westchester	35,667	31
Wyoming	108	0
Yates	51	0

গতকাল নিউ ইয়র্ক স্টেটে COVID-19 এর কারণে 13 জনের মৃত্যু হয়েছে, যার ফলে মোট এসে দাঁড়িয়েছে 25,081 এ। একটি ভৌগলিক বিশদ ব্যাখ্যানিম্নরূপ, কাউন্টি অফ রেসিডেন্স অনুযায়ী:

কাউন্টি অফ রেসিডেন্স অনুযায়ী মৃত্যু	
কাউন্টি	**নতুন মৃত্যু**
Bronx	2
Broome	1
Kings	2
Manhattan	1
Onondaga	1
Orange	2
Queens	1
Rockland	1
Westchester	1
Non-NYS	1

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন